## ৮. পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা

পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা (ই.এস.এম.পি) একটি অবস্থান নির্ভর পরিকল্পনা যা পরিবেশ-বান্ধব উপায়ে প্রকল্পটির বাস্তবায়ন নিশ্চিত করবে। ইউ.এ.ই.এল বিদ্যুৎকেন্দ্র প্রকল্প বাস্তবায়নকালে পরিবেশ ও সামাজিক বিষয়াদির উপর এর প্রভাব প্রশমন করার জন্য যথাযথ ব্যবস্থা নিশ্চিত করতে এই পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।

বিদ্যুৎকেন্দ্র চলাকালীন সময়ে ইতিপূর্বে উল্লিখিত পরিকল্পনা বাস্তবায়ন ও পারস্পারিক যোগাযোগ নিশ্চিত করতে ইউ.এ.ই.এল বিদ্যুৎকেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণের ভূমিকা ও দায়িত্ব এই পরিকল্পনায় বর্ণনা করা হয়েছে।

এই অংশে পরিবেশগত স্বাস্থ্য, সুরক্ষা ও সামাজিক (ই এইচ এস এবং এস) এর সাংগঠনিক কাঠামো বর্ণনা করা হয়েছে। প্রকল্পের কোনরূপ পরিবর্তনের জন্য পরিবেশ বা সমাজ নতুনভাবে প্রভাবিত হলে, তা নিরসন করতে নির্দিষ্ট সময় অন্তর (নিয়মিত) পরিকল্পনাটি পর্যালোচনা ও হালনাগাদকরনের প্রয়োজনীয়তাও এই পরিকল্পনায় বর্ণনা করা হয়েছে। এতে প্রকল্পের কার্যক্রম নথিভুক্ত করা ও সংরক্ষণ করার প্রক্রিয়াও নির্দিষ্ট করা হয়েছে।

### ৮.১ ভূমিকা

ইউ.এ.ই.এল বিদ্যুৎকেন্দ্র চলাকালীন সময়ে পরিবেশ ও সমাজের উপর এর সকল প্রভাব হ্রাসে করণীয় এই পরিকল্পনাটিতে (ই.এস.এম.পি) বর্ণনা করা হয়েছে। এ সকল পদক্ষেপ গ্রহণ করা সত্ত্বেও কিছু প্রভাব অবশিষ্ট থেকে যাবে। এই পরিকল্পনার উদ্দেশ্য হল ইউ.এ.ই.এল বিদ্যুৎকেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীগণের উপর বিদ্যুৎকেন্দ্র চলাকালীন সময়ে বিভিন্ন দায়িত্ব অর্পণ ও প্রয়োজনীয় দক্ষতাসমূহ প্রস্তাবের মাধ্যমে পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনা পদক্ষেপসমূহ বর্ণনা করা, যাতে এরূপ প্রভাব প্রশমন করা যায়।

এই পরিকল্পনাটিতে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে -

- ক্ষতিকর পরিবেশগত ও সামাজিক প্রভাব ও সংশ্লিষ্ট ঝুঁকি হ্রাসে প্রস্তাবিত পদক্ষেপ;
- প্রস্তাবিত পদক্ষেপসমূহ বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানিক কাঠামোর বর্ণনা;
- প্রস্তাবিত পদক্ষেপসমূহ কার্যকরভাবে বাস্তবায়নের জন্য পর্যবেক্ষণ কাঠামোর বর্ণনা;
- বিভিন্ন নিযন্ত্রক ও অর্থায়ন সংস্থার নিকট প্রতিবেদন পেশ করার জন্য করণীয়।

পূর্ববর্তী অধ্যায়ে আলোচিত তথ্য অনুযায়ী এই প্রকল্পে ভূমি ব্যাবহার (ভুমি দূষণ), শব্দ দূষণ, পানি দূষণ, ক্ষতিকারক পদার্থ নির্গমনের প্রভাব খুব নগণ্য। পেশাগত স্বাস্থ্য নিরাপত্তার ক্ষেত্রে মাঝারি নেতিবাচক প্রভাব এবং আর্থসামাজিক ক্ষেত্রে ইতিবাচক প্রভাব বিস্তার করবে বলে মুল্যায়ন করা হয়েছে। এই সকল ক্ষেত্রেই প্রভাবসমূহ প্রশমনে প্রস্তাবিত পদক্ষেপের পাশাপাশি অর্পিত দায়িত্ব ও বাস্তবায়নের সময়সূচী ৮.১ নং ছকে বর্ণনা করা হয়েছে।

পরিবেশগত বিধিমালা ও মানমাত্রাসমূহ সঠিকভাবে অনুসরণ করার লক্ষ্যে প্রস্তাবিত পদক্ষেপ সমূহের বাস্তবায়ন মুল্যায়নে পরবেশগত ও সামাজিক পর্যবেক্ষণের একটি পরিকল্পনা ৮.২ নং ছকে প্রস্তাব করা হয়েছে।

এছাড়াও নিম্নোক্ত পরিকল্পনা সমুহ বিস্তারিত বর্ণনা করা হয়েছেঃ

জরুরী সাড়াদান/সাহায্য (রেসপন্স) পরিকল্পনা (অধ্যায় ১০)

সবুজায়ন বেষ্টনী স্থাপন পরিকল্পনা (পরিশিষ্ট ১৭)

স্টেকহোল্ডারদের অংশগ্রহণ পরিকল্পনা (পরিশিষ্ট ১৮)

পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা পরিকল্পনা (পরিশিষ্ট ১৯)

# ছক নং ৮.১ঃ পরিবেশগত ও সমাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা

| ক্রমিক নং | (পরিবেশের) উপাদান | (চিহ্নিত) সম্ভাব্য প্রভাবসমূহ | প্রস্তাবিত ব্যবস্থাপনা পরিকল্পনা/ প্রশমন পদক্ষেপসমূহ | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১. | ভূমি ও মৃত্তিকাগত পরিবেশ | • ক্ষতিকারক দ্রব্য ও রাসায়নিকের (দ্রব্য) ত্রুটিপূর্ণ ব্যবহারের ফলে মৃত্তিকা দূষণ | • জৈবিক, প্লাস্টিকজাত, কাঁচ ও অন্যান্য বর্জ্য পৃথকভাবে সংগ্রহ করার জন্যে বিভিন স্থানে উন্নত ও টেকসই ডাস্টবিন স্থাপন করা উচিত।<br>• পৃথকীকরণ বিধিমালা অনুযায়ী বর্জ্য নির্দিষ্ট বিনে ফেলতে সকল কর্মীদের নির্দেশনা প্রদান করা।<br>• ধাতব, প্লাস্টিকজাত, কাগজ ও কাঁচের বর্জ্য পুনঃচক্রায়নের জন্য বিক্রয় করা।<br>• কোন প্রকার বর্জ্য খোলা স্থানে না পোড়ানো।<br>• সকল প্রকার ক্ষতিকারক বর্জ্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিলি/বন্দোবস্ত করা।<br>• ক্ষতিকারক বর্জ্য উৎপত্তিস্থলে পৃথক করে নির্দিষ্ট ও আবদ্ধ স্থানে সংরক্ষণ করা।<br>• বর্জ্য লুব অয়েল সংরক্ষণ স্থানের প্রবেশধিকার নিয়ন্ত্রন করা।<br>• লুব অয়েল সংরক্ষণ স্থানে দ্বিতীয় পর্যায়ভুক্ত প্রতিরোধ ব্যবস্থা এবং লুব অয়েল ছড়িয়ে পড়া রোধে ট্র্যাপ সংযোজন করা। | ইউ.এ.ই.এল পরিবেশ ও সামাজিক কর্মকর্তা |
| ২. | পানিসম্পদ ও এর গুনাগুণ | সম্ভাব্য ঝুঁকিসমূহঃ<br>• নদীর পানি আহরন ও উত্তপ্ত পানি নির্গমন;<br>• ভূগর্ভস্থ পানি আহরন;<br>• পৌর বর্জ্য পানির অনুপুযুক্ত (ত্রুটিপূর্ণ) নির্গমন; | • প্রতি ১৫ জন পুরুষ কর্মচারী ও প্রতি ১০ জন নারী কর্মচারীর জন্য একটি করে টয়লেট (শৌচাগার) থাকা বাঞ্ছনীয়।<br>• কেন্দ্রের বাইরে কখনই কোনপ্রকার বর্জ্য পানি নিষ্কাশন না করা।<br>• সেপ্টিক ট্যাংক নিয়মিত পরিষ্কার করা এবং যথাযথ ভাবে নিষ্কাশন করা।<br>• ভূগর্ভস্থ পানির আহরন অবশ্যই মিটারিং এর আওতায় রাখতে হবে এবং তা নথিভুক্ত করে প্রকল্পে সংরক্ষণ করতে হবে।<br>• তেলজাতীয় পদার্থের ব্যবহার ও সংরক্ষণ স্থান ও যন্ত্রাদি হতে নির্গত ভূপৃষ্ঠস্থ পানি নিষ্কাশনের পূর্বে শোধন করা। | ইউ.এ.ই.এল পরিবেশ ও সামাজিক কর্মকর্তা |
| ৩. | বায়ু | • প্রাকৃতিক গ্যাসের ব্যবহারের ফলে নাইট্রোজেনের অক্সাইডসমূহ নির্গমন | • ইউ.এ.ই.এল কর্তৃক প্ল্যান্টে ব্যবহৃত ইঞ্জিনসমূহের তাপীয় দক্ষতা নিশ্চিত করতে নিয়মিত মেরামত ও রক্ষণাবেক্ষণ করা।<br>• (দূষিত পদার্থ) নির্গমন আবশ্যিক সীমার মধ্যে রাখা নিশ্চিত করার লক্ষ্যে ইউ.এ.ই.এল কর্তৃক স্ট্যাক সমূহ ত্রৈমাসিক পর্যবেক্ষণ করা।<br>• জাতীয় মানমাত্রা ও ঋণদাতা সংস্থাসমূহকে প্রতিশ্রুত মান বজায় রাখার লক্ষ্যে ইউ.এ.ই.এল কর্তৃক পারিপার্শিক বায়ুর মান পর্যবেক্ষণ করা।<br>• উড়ন্ত ধুলো প্রতিরোধে, বিশেষ করে গ্রীষ্মকালে, ইউ.এ.ই.এল নিয়ন্ত্রনাধীন যে সকল স্থানে এখনো পাকা রাস্তা নির্মাণ করা হয়নি, সে সকল স্থানে সবুজায়ন, অথবা নিয়মিত পানি ছিটানো। | ইউ.এ.ই.এল পরিবেশ ও সামাজিক কর্মকর্তা |
| ৪. | পারিপার্শ্বিক শব্দের মান (শব্দ দূষণ) | • যন্ত্রপাতি (মেশিন) হতে সৃষ্ট শব্দ দূষণ<br>• যানবাহন হতে সৃষ্ট শব্দ দূষণ | • উচ্চশব্দ সম্বলিত স্থানে একজন কর্মীর সাধারণ কর্মঘণ্টা ৪ ঘণ্টায় সীমাবদ্ধ রাখা।<br>• পেশাগত ঝুঁকির প্রকোপ হ্রাসে উচ্চশব্দ সম্বলিত স্থানে কর্মরত সকল ব্যাক্তিকে ইয়ার প্লাগ / ইয়ার মাফ্ প্রদান করা।<br>• চলন্ত অংশ (যন্ত্রাংশ) সমূহ লুব্রিকেট করা, শিথিল অংশ (যন্ত্রাংশ) সমূহ দৃঢ় (শক্ত/টাইট) করা, জীর্ণ (ক্ষতিগ্রস্ত) অংশ (যন্ত্রাংশ) সমূহ পরিবর্তন সহ যন্ত্রপাতি নিয়মিত রক্ষণাবেক্ষণ করা; | ইউ.এ.ই.এল পরিবেশ ও সামাজিক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | • উচ্চশব্দ সম্বলিত স্থানসমূহের সকল প্রবেশপথ ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা ও সর্বদা বন্ধ রাখা। | |
| ৫. | বাস্তুসংস্থান | • (জীবকূলের) আবাসে পরিবর্তন<br>• সবুজয়ান বেষ্টনী স্থাপন | • উদ্ভিদকুলের হ্রাসের ক্ষতিপূরণে এবং প্রাকৃতিক পরিবেশের উন্নতি সাধনে প্রকল্পের সীমানা বরাবর সবুজয়ান বেষ্টনী স্থাপন করা হবে। মোট ভূমির ৩৩% সবুজ এলাকার জন্য বরাদ্দ রাখা হবে।<br>• (সবুজয়ান বেষ্টনীর জন্যে) স্থানীয় উদ্ভিদ প্রজাতি নির্বাচন করা হবে এবং সুস্থ চারা ৪ x ৪ মিঃ দূরত্বে ৬০ x ৬০ x ৬০ সে:মি: আকারের গর্তে উর্বর মাটি সহ রোপন করা হবে।<br>• মাটির ক্ষয় রোধে, যে সকল খোলা স্থানে বৃক্ষরোপন করা সম্ভব হবে না, সে সকল স্থানে গুল্ম ও ঘাস জাতীয় উদ্ভিদ দ্বারা আবৃত করার প্রচেষ্টা করা হবে।<br>• এছাড়াও বনবিভাগের সাথে আলোচনার মাধ্যমে, প্রকল্পের সীমানার বাইরেও নিকটবর্তী এলাকায় চারা/বৃক্ষ রোপন করা যেতে পারে। | ইউ.এ.ই.এল পরিবেশ ও সামাজিক কর্মকর্তা |
| ৬. | আর্থ-সামাজিক (বিষয়াদি) | প্রকল্পের কার্যক্রমের ফলে পারিপার্শ্বিক এলাকায় কর্মসংস্থান ও ব্যবসার সুযোগ সৃষ্টি | • সাময়িক লোকবলের সুস্বাস্থ্য নিশ্চিত করতে এবং স্থানীয় বাসিন্দাদের মধ্যে সংক্রামক ব্যাধি ছড়ানো হ্রাসে, ইউ.এ.ই.এল - এর সকল কর্মকর্তা ও কর্মচারীর বার্ষিক স্বাস্থ্য বন্দোবস্ত রয়েছে। এছাড়াও সরকারী বা বিশ্বস্বাস্থ্য সংস্থা (ডাব্লিউ.এইচ.ও) -এর নির্দেশনা অনুযায়ী নির্দিষ্ট কিছু সংক্রামক ব্যাধির জন্য পরীক্ষার বিধান অর্ন্তভুক্ত করতে ইউ.এ.ই.এল - কে পরামর্শ প্রদান করা হল।<br>• ইউ.এ.ই.এল প্ল্যান্টে নিয়োজিত কর্মচারী - কর্মকর্তাদের জন্য স্বাস্থ্য বিষয়ক প্রচার কৌশল এবং সাধারণ সংক্রামক ব্যাধির সংক্রমণ সম্পর্কে প্রাথমিক (মৌলিক) তথ্য প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এছাড়াও ইউ.এ.ই.এল - এর প্রয়োজন অনুযায়ী রোগব্যাধি সমূহের ব্যাপক সংক্রমণ রোধে বা নিয়ন্ত্রনে স্থানীয় স্বাস্থ্য বিভাগকে সহযোগীতা করতে পদক্ষেপ নেয়া উচিত।<br>• ইউ,এ,ই,এল - কে ক্রমাগত নিশ্চিত করতে হবে যেন স্থানীয়দের ব্যবহৃত গুরুত্বপূর্ণ পথ ও রাস্তাসমূহ সর্বদা অপ্রভাবিত থাকে। যদি কখনো সাময়িক প্রতিবন্ধকতা সৃষ্টি হবার সম্ভবনা থাকে, তা স্থানীয়দের পূর্ব হতে অবহিতকরন, যথাযথ (পথ) নির্দেশনা স্থাপন ও বিকল্প পথের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও, কখনই কোন স্থানীয় গুরূত্বপূর্ণ স্থাপনা বা সম্পদ, যেমন মসজিদ, নলকূপ ইত্যাদি, স্থানীয়দের পূর্ব অনুমতি ব্যাতীত প্রভাবিত করা যাবে না।<br>• কর্মরত লোকবলের জন্য যথাযথ পয়ঃনিষ্কাশন ব্যবস্থার বন্দোবস্ত, (সংক্রামক) ব্যাধিসমূহের সংক্রমণ হ্রাস করবে।<br>• প্ল্যান্টে সকল বৃহৎ পরিবর্তনের বিষয়ে, প্রতিবার পরিবর্তনের পূর্বে, তা অবশ্যই বিজ্ঞপ্তি ও ঘোষণার মাধ্যমে স্থানীয়দের অবহিত করতে হবে।<br>• কোন প্রকার সামাজিক বিরোধ এড়াতে, সামাজিক দায়বদ্ধতা ও কর্মসংস্থানের বিষয়সমূহে, অর্থনৈতিকভাবে অনগ্রসর গোষ্ঠী ব্যতীত, সমাজের অন্য সকল পক্ষের মতামত সমান গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। অর্থনৈতিকভাবে ঝুঁকিগ্রস্ত (অনগ্রসর) গোষ্ঠীসমূহ, যেমন চালকল (রাইস মিল) শ্রমিক ও মৎসজীবি সম্প্রদায়, - এর উন্নয়নে ভূমিকা রাখতে, সামাজিক দায়বদ্ধতা পরিকল্পনায় বিশেষ গুরুত্ব দেওয়া যেতে পারে। | ইউ.এ.ই.এল পরিবেশ ও সামাজিক কর্মকর্তা |
| ৭. | যানবাহন চলাচল | • ভোগ্যপণ্য বহনকারী যানবাহনের ফলে যান চলাচল নগণ্য পরিমাণে বৃদ্ধি পাবে<br>• প্রকল্পে অপরিকল্পিত প্রবেশ, ট্রাক (ভারী যানবাহন) পার্কিং, যানবাহন বিকল | • প্রকল্পের সীমানার মধ্যেই সংরক্ষিত পার্কিং এর ব্যবস্থা করা হবে। বিদ্যুৎ কেন্দ্রের (প্ল্যান্টের) বাইরে কোন ট্রাক (ভারী যানবাহন) পার্ক করা হবে না।<br>• (প্রকল্পের) অভ্যন্তরীণ রাস্তা ও জনবহুল স্থানে যানবাহনের গতিসীমা ২৫ কি:মি: প্রতি ঘন্টার মধ্যে সীমাবদ্ধ থাকবে। | ইউ,এ,ই,এল ভারপ্রাপ্ত সুরক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হওয়া ইত্যাদি কারণে কিছু বিরূপ প্রভাব আশঙ্কা করা যায়। | • কোন যান বিকল হয়ে পড়লে তা দ্রুত অপসারনের ব্যবস্থা করা হবে।<br>• (সকল) চালকদের নিরাপদভাবে যান চালনের প্রশিক্ষন প্রদান করা হবে।<br>• বিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে ও নিকটবর্তী এলাকায় যান চলাচল ও পার্কিং সুবিধার্থে নির্দেশনা স্থাপন করা হবে।<br>• সকল চালকদের আত্মরক্ষামূলক ও কাঁচা রাস্তায় (অফ-রোড) যান চালনের প্রশিক্ষন প্রদান ও মুল্যায়ন করা হবে।<br>• প্রকল্পে ব্যবহৃত সকল যানবানহনের মালপত্রের তালিকা, দূষণ নিয়ন্ত্রনের নথিপত্র, চালকের অনুমতিপত্র (লাইসেন্স) ও নিবন্ধন সনদপত্র (রেজিস্ট্রেশন সার্টিফিকেট) সংরক্ষণ করা হবে। | |
| ৮. | পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা | আশঙ্কিত (আপেক্ষিত) স্বাস্থ্য ও সুরক্ষা ঝুঁকি সমূহ হলঃ<br>• উচ্চশব্দ, আগুন, বৈদ্যুতিক শক ইত্যাদি<br>• হোচট খেয়ে পড়ে যাওয়া, (উচ্চ স্থান হতে) পড়ে যাওয়া রোধে অপর্যাপ্ত সুরক্ষা ব্যবস্থা | • সকল কর্মীকে (যথাযথ) নির্দেশনা ও কার্যপ্রনালী প্রদান করা।<br>• উচ্চ স্থানে কর্মরত অবস্থায় সুরক্ষা বেল্ট ও সুরক্ষা জাল (সেফ্টি নেট) ব্যবহার করা।<br>• উচ্চ স্থানের সকল কার্যক্রম দিনেরবেলা, পর্যাপ্ত সুর্যালোক থাকা অবস্থায়, সম্পাদন করা।<br>• উচ্চ স্থানের (সাধারণত ২ মিঃ বা তার উর্ধ্বে) ও গরম স্থানের সকল কার্যক্রমের জন্য অনুমতিপত্র ভিত্তিক ব্যবস্থা প্রবর্তন করতে হবে।<br>• যে কোন কার্য সম্পাদন করার পূর্বে সংশ্লিষ্ট স্থাপনা বা কাঠামোর দৃঢ়তা পর্যবেক্ষন করে নিতে হবে।<br>• আরোহন পদ্ধতি ও আরোহনে ব্যবহৃত নিরাপত্তা সরঞ্জাম ব্যবহার, পর্যবেক্ষন, রক্ষণাবেক্ষণ ও প্রতিস্থাপনে প্রশিক্ষিত কর্মীদেরই শুধুমাত্র উচ্চ স্থানে কাজে নিয়োজিত করা যাবে।<br>• সকল কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্য ও সুরক্ষা বিষয়ে নিয়মিত প্রশিক্ষন প্রদান করা।<br>• সকল প্রকার দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে, সুরক্ষা বিষয়ক সকল ঘটনার বিবরন সংরক্ষণ ও পর্যবেক্ষন করা।<br>• উন্মুক্ত বৈদ্যুতিক সরঞ্জাম সংশ্লিষ্ট এলাকা সমূহ বেষ্টনীর মাধ্যমে আবদ্ধ রাখা ও সতর্কতা নির্দেশনা স্থাপন করা।<br>• বৈদ্যুতিক কার্যে নিয়োজিত কর্মীদের ব্যক্তিগত সুরক্ষা উপকরণ, যেমন রাবারের দাস্তানা (গ্লাভস্) প্রদান করা।<br>• বৈদ্যুতিক কার্যে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণ তাঁদের দায়িত্ব অনুযায়ী অবশ্যই প্রশিক্ষিত ও সুরক্ষা বিষয়ক রীতি, কার্যপ্রনালী ও সুরক্ষার জন্য অন্যান্য আবশ্যকতার সাথে পরিচিত হতে হবে।<br>• প্রকল্পে অগ্নি শনাক্তকারক (ডিটেক্টর), অগ্নি সংকেত/নির্দেশক (অ্যালার্ম) ও অগ্নি নির্বাপক সরঞ্জাম সংযোজন করা। এই সকল সরঞ্জাম যথাযথভাবে কার্যকর অবস্থায় রক্ষণাবেক্ষণ করা ও সহজে (বিনাবাধায়) ব্যবহার্য অবস্থায় রাখা। প্রকল্পের আয়তন, স্থাপিত যন্ত্রপাতি, (প্রকল্পে) ব্যবহৃত বিভিন্ন দ্রব্যাদির বাহ্যিক ও রাসায়নিক বৈশিষ্ট সমূহ ও সর্বোচ্চ উপস্থিত জনসংখ্যার জন্য এই সকল সরঞ্জামের পরিমান পর্যাপ্ত হতে হবে।<br>• হস্তচালিত ও সহজে ব্যবহার্য অগ্নি নির্বাপক সরঞ্জাম হাতের নাগালে রাখার ব্যবস্থা করা।<br>• অগ্নি ও জরুরী সংকেত সমূহ শ্রবণযোগ্য ও দৃশ্যমান হতে হবে।<br>• অসাবধানতাবশতঃ বিদ্যুয়াতন হতে সতর্ক করতে বৈদ্যুতিক সরঞ্জাম সমূহের বেষ্টনীর অভ্যন্তরে সতর্কতামূলক বাতি স্থাপনের কথা বিবেচনা করা। | ইউ,এ,ই,এল ভারপ্রাপ্ত নিরাপত্তা (সুরক্ষা) কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | • বৈদ্যুতিক সরঞ্জাম সংশ্লিষ্ট এলাকা সমূহে প্রবেশের পূর্বে ও প্রবেশকালীন সময়ে ভোল্টেজ সেন্সর (নির্দেশক) ব্যবহার করা।<br>• চলমান বৈদ্যুতিক সরঞ্জাম ও সঞ্চালন লাইনে অথবা এর নিকটে কার্য সম্পাদনের পূর্বে, সম্ভব হলে তা প্রচলিত আইন ও বিধি মোতাবেক  নিষ্ক্রিয় ও গ্রাউন্ডিং করে নিতে হবে।<br>• বৈদ্যুতিক বর্তনীর (সার্কিটের) উন্মুক্ত অংশে বা এর নিকটে নিয়োজিত সকল কর্মীদের বৈদ্যুতিক সুরক্ষার উপর বিশেষ প্রশিক্ষণের বিধান রাখা। প্রাথমিক বৈদ্যুতিক তত্ত্ব সমূহ, যথাযথ নিরাপদ কার্যপ্রণালী, ঝুকিসমূহের প্রতি সাবধানতা ও সনাক্তকরণ, ব্যক্তিগত সুরক্ষা উপকরণ যথাযথ ব্যবহার, যথাযথ লক-আউট / ট্যাগ-আউট প্রক্রিয়া, সি,পি,আর সহ অন্যান্য প্রাথমিক চিকিৎসা পদ্ধতি ও যথাযথ উদ্ধার প্রক্রিয়া এ প্রশিক্ষণে অন্তর্ভূক্ত করা যেতে পারে, কিন্তু এর মধ্যে সীমাবদ্ধ হবে না। | |

# ছক নং ৮.২ঃ পরিবেশগত ও সমাজিক পর্যবেক্ষণ পরিকল্পনা

| (পরিবেশের) উপাদান | পর্যবেক্ষণ স্থিতিমাপ | (পরীক্ষনের / পর্যবেক্ষণের) হার | (পরীক্ষনের / পর্যবেক্ষণের) স্থান | সংশ্লিষ্ট মানমাত্রা (স্ট্যানডার্ডস্) |
|---|---|---|---|---|
| পরিবেশগত পর্যবেক্ষণ পরিকল্পনা | | | | |
| পরিপার্শ্বিক বাতাস | পি.এম$_{২.৫}$ এবং পি.এম$_{১০}$, সালফার - ডাই - অক্সাইড ($SO_2$), নাইট্রোজেনের অক্সাইড সমূহ ($NO_X$), কার্বন মনোক্সাইড (CO) | ২৪ ঘণ্টার গড় নমুনা, দ্বিবার্ষিক | প্রকল্পের স্থান | বাংলাদেশের জাতীয় বায়ু গুনা গুন মানদন্ড (ন্যাশনাল এয়ার কোয়ালিটি স্ট্যানডার্ডস অব বাংলাদেশ, ২০০৫) |
| স্ট্যাক নির্গমন | সালফারের অক্সাইড সমূহ ($SO_X$), নাইট্রোজেনের অক্সাইড সমূহ ($NO_X$), কার্বন মনোক্সাইড (CO) | দ্বিবার্ষিক (প্রতিটির একটি করে নমুনা) | সকল স্ট্যাক সমূহ | শিল্প প্রতিষ্ঠান বা প্রকল্পের গ্যাসীয় নির্গমন মানমাত্রা তফসিল নং ১১, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (স্ট্যানডার্ডস ফর গ্যাসেওস এমিশন ফ্রম ইন্ডাস্ট্রিজ্ অর প্রোজেক্টস্, ই,সি,আর, ১৯৯৭) |
| ভূপৃষ্ঠস্থ পানির মান - নদী | ডি.ও; বি.ও.ডি; তেল ও গ্রীস; তাপমাত্রা | দ্বিবার্ষিক (প্রতিটির একটি করে নমুনা) | তাপমাত্রা - (পানির) নির্গমন স্থান হতে ১০০ মিঃ স্রোতের প্রতিকূলে (উজানে) এবং অনুকূলে (ভাটিতে)। অন্য সকল নমুনা নির্গমন স্থান হতে সংগ্রহ করতে হবে। | তফসিল নং ১২, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (ই.সি.আর, ১৯৯৭) |
| ভূগর্ভস্থ পানির মান | মোট কলিফর্মের পরিমাণ; মলের কলিফর্মের পরিমাণ; পি.এইচ -এর মাত্রা; রং; স্বচ্ছতা; দ্রবীভূত পদার্থের পরিমাণ; কঠিনতা; ক্ষারত্ব; ক্লোরাইড; ম্যাঙ্গানিজ; আর্সেনিক; লৌহ (আয়রন) | দ্বিবার্ষিক (একটি করে নমুনা) | উভয় বোর ওয়েল (গভীর কূপ) | সুপেয় পানির মানমাত্রা, পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (বাংলাদেশ স্ট্যানডার্ডস ফর ড্রিংকিং ওয়াটার, ই.সি.আর, ১৯৯৭) |
| শব্দ (দূষণ) | দিনে ও রাতে প্রতি ঘণ্টায় মাত্রা | ত্রৈমাসিক, একবার করে | পরিপার্শ্বিক শব্দের মাত্রা - বিদ্যুৎ কেন্দ্রের ৪ টি কোণে এবং এ,পি,এস,সি,এল আবাসিক এলাকায় কর্মক্ষেত্রে শব্দের মাত্রা - যন্ত্রাংশ, ইঞ্জিন ও টারবাইন হতে ১ মিঃ দূরত্বে। | শব্দ দূষণ (নিয়ন্ত্রন) বিধি, ২০০৬ নয়েজ পলিউশন (কন্ট্রোল) রুলস্ , ২০০৬ |
| মৃত্তিকা | জৈবিক পদার্থ; কার্বন (C); হাইড্রোজেন (H); নাইট্রোজেন (N); ক্ষারত্ব; অম্লত্ব; ভারী ধাতু ও ট্রেস ধাতসমূহ | দ্বিবার্ষিক, (একটি করে নমুনা) | প্রকল্পের স্থান (উপরের অনুরূপ) | |
| উদ্ভিদকূল | সবুজয়ান বেষ্টনী স্থাপনের অগ্রগতি পর্যবেক্ষণ | দ্বিবার্ষিক | | |
| সামাজিক পর্যবেক্ষণ পরিকল্পনা | | | | |
| কর্মীদের স্বাস্থ্য ও পরিচ্ছন্নতা | কর্মীদের মধ্যে রোগব্যাধির প্রকোপ | বার্ষিক | - | কর্মীদের স্বাস্থ্য পর্যবেক্ষণে আই.এল.ও -র কারিগরি ও নৈতিক নির্দেশিকা |
| কর্মসংস্থানের সুযোগ | স্থানীয়দের দাবির প্রতি সম্মান প্রদর্শন তথা স্থানীয়দের অগ্রাধিকার দেওয়া | বার্ষিক | - | মানবসম্পদে / জনগণে বিনিয়োগে বিশ্বব্যাংকের সম্মিলিত নির্দেশিকা ঃ উন্নত ব্যবসায়িক রীতির মাধ্যমে (সমাজকে) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | স্থানীয়দের সহায়তা করা |
| স্টেকহোল্ডারদের (অংশীদার / বিনিয়োগকারী) অংশগ্রহণ | স্টেকহোল্ডারদের সাথে সভা / সম্মেলন আয়োজনের মাধ্যমে স্টেকহোল্ডারদের মধ্যে আস্থা ও সৌজন্য / সৌহার্দ গড়ে তোলা | বছরে ২ বার | - | উদীয়মান বাজারে ব্যবসা পরিচালনার জন্যে স্টেকহোল্ডারদের অংশগ্রহণের বিষয়ে বিশ্বব্যাংকের সম্মিলিত নির্দেশিকা |
| অভিযোগ প্রক্রিয়া | অভিযোগ উত্থাপন, (অভিযোগের ভিত্তিতে) ব্যবস্থা গ্রহন, অভিযোগ পরিষদের (কমিটির) সভার সংখ্যা নির্ধারণ | বছরে ২ বার | - | অভিযোগ প্রক্রিয়ার পরিকল্পনায় ও বাস্তবায়নে Complaience Adviser, Ombudsman (CAO) এর নির্দেশিকা |
| প্রস্তাবিত সামাজিক দায়বদ্ধতা পদক্ষেপ | প্রস্তাবিত সামাজিক দায়বদ্ধতা পদক্ষেপসমূহ বাস্তবায়ন | বছরে ২ বার | - | জনগণে বিনিয়োগে বিশ্বব্যাংকের সম্মিলিত নির্দেশিকা ঃ উন্নত ব্যবসায়িক রীতির মাধ্যমে (সমাজকে) স্থানীয়দের সহায়তা করা |
| স্বাস্থ্য ও সুরক্ষা পর্যবেক্ষণ পরিকল্পনা | | | | |
| ব্যক্তিগত সুরক্ষা উপকরণের ব্যবহারের দৃষ্টিলব্ধ/চাক্ষুস পরিদর্শন (পর্যবেক্ষণ) | – বাহ্যিকভাবে (সুরক্ষা উপকরণের) অক্ষুন্নতা ও নিরাপত্তা নিশ্চিত করা<br>– শ্বাসযন্ত্র ও এস.সি.বি.এ - এর ক্ষেত্রে তৃতীয় পক্ষের দ্বারা পরীক্ষার ব্যবস্থা করা | প্রতি সপ্তাহে<br><br>ছয় মাস অন্তর | প্রকল্পের স্থান | ব্যবহার নির্দেশিকার কারিগরি বিবরণ অনুযায়ী |
| বৈদ্যুতিক নিরাপত্তা | – ক্ষতিগ্রস্ত ইনসুলেশন<br>– ভিন্ন মানের (রেটিং) তার ব্যবহার<br>– শিল্প কারখানার তার ব্যবস্থা (ওয়্যারিং)<br>– শিল্প কারখানার প্লাগ<br>– অবলোহিত (উত্তাপ) জরিপ / সমীক্ষা | প্রতি মাসে<br><br>বাৎসরিক | প্রকল্পের স্থান<br><br>উচ্চ ভোল্টেজ (হাই ভোল্টেজ) বৈদ্যুতিক স্থাপনা সমূহে | প্রযোজ্য নহে<br><br>উচ্চ অবলোহিত তরঙ্গের (উত্তাপ) উপস্থিতি |
| কর্মীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা | – শারীরিক পরীক্ষা<br>– শ্রবণশক্তি পরীক্ষা<br>– শ্বাসযন্ত্রের (শ্বসন তন্ত্রের) পরীক্ষা<br>– ফুসফুসের ধারণ ক্ষমতার পরীক্ষা<br>– দৃষ্টিশক্তি পরীক্ষা<br>– শারীরিক ভারসম্যহীনতার পরীক্ষা<br>– সংক্রামক ব্যাধিসমূহের পরীক্ষা | বাৎসরিক,<br><br>খাদ্য ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মীদের ক্ষেত্রে ত্রৈমাসিক | ঠিকাদারের লোকবল সহ সকল কর্মকর্তা ও কর্মচারী (বেশী ঝুঁকি থাকলে) | |
| (বিকল হওয়া) প্রতিরোধোক রক্ষণাবেক্ষণ | সুরক্ষা সরঞ্জাম যেমন, জরুরী সুইচ, রহিতকরণ কপাটক (সাট অফ ভাল্‌ভ), জরুরী সাড়াদান (রেসপন্স) সরঞ্জাম ইত্যাদির প্রতিরোধোক রক্ষণাবেক্ষণ | ছয় মাস অন্তর | সকল (সুরক্ষা) সরঞ্জাম | কারিগরি বিবরণ অনুযায়ী ব্যবহার উপযোগীতা |
| আলোক ব্যবস্থা | লাক্স এর মাত্রা | ছয় মাস অন্তর | সাধারণ কর্ম পরিবেশ | জরুরী বাতি সমূহ - ১০ লাক্স<br>কাজের জন্য ব্যবহৃত পথ - ১০০ লাক্স<br>রক্ষণাবেক্ষণ কর্মস্থল - ২০০ লাক্স |

| | | | | |
|---|---|---|---|---|
| কর্মস্থলের শব্দ পর্যবেক্ষণ | সময়ের গুরুত্ব বিবেচনায় শব্দের মাত্রার ভরসহ গড় | ছয় মাস অন্তর | উচ্চ ও মধ্যম শব্দ সংশ্লিষ্ট এলাকা সমূহ | ৮৫ ডেসিবেল্-এ (ডি.বি.এ) |
| চাপযুক্ত আধার | কার্যকরী চাপ | ছয় মাস অন্তর | বয়লার, কমপ্রেসর, চাপযুক্ত আধার ও নল (পাইপ) সমূহ | নিরাপদ কার্যকরী চাপ |
| ভার উত্তোলনকারী যন্ত্র ও সাজসরঞ্জামাদি | কার্যকরী ভার | বাৎসরিক, ছয় মাস অন্তর যদি সরঞ্জাম তাপের প্রভাবে অবস্থান করে | সকল ভার উত্তোলনকারী যন্ত্র ও সাজসরঞ্জামাদি | নিরাপদ কার্যকরী ভার |

### ৮.১.১ পর্যবেক্ষণের নির্দেশিকা

ইউ,এ,ই,এল - কে একটি তৃতীয় পক্ষ উপদেষ্টা/ বেসরকারী সংস্থা (এন.জি.ও) - এর মাধ্যমে সামাজিক পর্যবেক্ষণের পদক্ষেপসমূহ সম্পাদন করার সুপারিশ / প্রস্তাব করা হল। পর্যবেক্ষণ প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভুক্ত করতে হবেঃ

- পরিদর্শনের তারিখ ও সময়
- পর্যবেক্ষিত দৃষ্টিভঙ্গি
- (চিহ্নিত) সমস্যার লিখিত বিবরণ
- ইউ,এ,ই,এল কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের লিখিত বিবরণ
- ফলাফলের লিখিত বিবরণ
- মূল্যায়নের পর্যবেক্ষন ও বিশ্লেষণ

## ৮.২ পরিবেশগত স্বাস্থ্য, সুরক্ষা ও সামাজিক (ই এইচ এস এবং এস) এর সাংগঠনিক কাঠামো


প্রকল্পের কার্যকর ও নিরবিচ্ছিন্ন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে একটি পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা সেল প্রতিষ্ঠা করা হবে। (বিদ্যুৎ কেন্দ্র) চলাকালীন সময়ে এই সেলে প্রকল্পের ও ইউ.ই.সি.এল কর্পোরেট দপ্তরের কর্মচারী ও কর্মকর্তাগণ নিয়োজিত থাকবেন।

প্রকল্পের সর্বোপরি ব্যবস্থাপনা ইউ.ই.সি.এল কর্পোরেট দপ্তর ও প্রকল্প স্থানে নিয়োজিত লোকবলের মধ্যে সমন্বয়ের মাধ্যমে সম্পাদন করা হবে। সকল প্রকার কার্যক্রম কেন্দ্র ব্যবস্থাপক দ্বারা পরিচালিত হবে, যাকে ভারপ্রাপ্ত সুরক্ষা কর্মকর্তা এবং পরিবেশ ও সামাজিক কর্মকর্তা সহোযোগিতা করবেন। কেন্দ্র ব্যবস্থাপক কর্পোরেট পর্যায়ে পরিবেশ ও সামাজিক বিভাগের সাথে সমন্বয় করবে।

পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা সেলের প্রধান দায়িত্ব ও কর্তব্য সমূহ হবে ঃ

- পরিবেশ ও সমাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা সহ, সংশ্লিষ্ট অন্যান্য পরিকল্পনা বাস্তবায়ন করা।
- সকল আনুসাঙ্গিক নিয়ম ও বিধিমালা অনুসরণ নিশ্চিত করা।
- দূষণ নিয়ন্ত্রন যন্ত্রাদির কার্যকরীতা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা।
- অনুমোদিত সময়সূচি অনুযায়ী পরিবেশগত ও সমাজিক পর্যবেক্ষণ (পরিকল্পনা) সূচনা / প্রবর্তন করা।
- পর্যবেক্ষিত ফলাফল পর্যালোচনা ও ব্যাখ্যা করা এবং পর্যবেক্ষিত ফলাফল নির্ধারিত সীমার উর্ধ্বে থাকলে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা।
- (প্রস্তুত) প্রাসঙ্গিক তথ্য হিসেবে উত্তম পরিবেশগত রীতি সমূহের ও প্রযোজ্য পরিবেশ আইনের বিবরণ সংরক্ষণ করা।
- পরিবেশগত ও সমাজিক পরামর্শ সংশ্লিষ্ট বিবরণ সংরক্ষণ করা।
- বিধায়ক সংস্থা যথা, পরিবেশ বিভাগ, বহিঃস্থ উপদেষ্টা, পর্যবেক্ষণকারী গবেষণাগার, এর সাথে সমন্বয় করা।
- সর্বসাধারণের অভিযোগ ও গৃহীত পদক্ষেপের লিখিত বিবরণ সংরক্ষণ করা।

চিত্র ৮.১: প্রস্তাবিত পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা সেল




### ৮.২.১ প্রকল্পের ভারপ্রাপ্ত কর্মকর্তা

প্ল্যান্ট ব্যবস্থাপক প্রকল্পের কার্যক্রম সংশ্লিষ্ট সকল দৈনিক কার্যক্রম তত্বাবধান করবেন। তিনি কর্পোরেট পরিবেশ বিভাগে জবাবদিহি / প্রতিবেদন পেশ করবেন। তাঁর প্রধান দায়িত্ব সমূহ হলঃ

- কর্পোরেট ও প্রকল্পের কর্মকর্তা-কর্মচারীর মধ্যে প্রধান যোগসূত্র হিসেবে কাজ করা।
- প্রকল্পের সকল কার্যক্রম সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ, পর্যালোচনা ও প্রচার করা।
- ভারপ্রাপ্ত সুরক্ষা কর্মকর্তা এবং পরিবেশ কর্মকর্তা সহ দলের সকল সদস্য হতে প্রাপ্ত প্রতিক্রিয়া, অবিযোগ ও মতামত হতে সপ্তাহিক সারমর্ম প্রস্তুত করা।

### ৮.২.২ পরিবেশ ও সামাজিক কর্মকর্তা

পরিবেশ ও সামাজিক কর্মকর্তা, ভারপ্রাপ্ত নিরাপত্তা কর্মকর্তার সাথে সমন্বয়ে কাজ করবেন, এবং প্ল্যান্ট ব্যবস্থাপকের ও কর্পোরেট পরিবেশ ব্যবস্থাপকের নিকট জবাবদিহি / প্রতিবেদন পেশ করবেন। তাঁকে আশুগঞ্জে অবস্থান করতে হবে। পরিবেশ ও সামাজিক কর্মকর্তার নিম্নোক্ত দায়িত্ব সমূহ থাকবে ঃ

- আইনী ও বিশ্বব্যাংকের চাহিদা অনুযায়ী বিধির অনুসরণ নিশ্চিত করবেন।
- প্রকল্পের সকল কার্যক্রম নিরীক্ষা ও পরির্দশন করবেন;
- পরিবেশ সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ ও সচেতনতা কার্যক্রম পরিচালনার প্রয়োজনীয়তা মূল্যায়ণ করবেন;
- প্রয়োজনীয় নথিপত্র ও লিখিত বিবরণ সংরক্ষণের ব্যবস্থা প্রস্তুত করা;
- ই.এম.পি কার্যকরভাবে বাস্তবায়নের লক্ষ্যে তা পর্যালোচনা ও হালনাগাদ করা;
- কোন প্রকার অসামঞ্জস্যের ক্ষেত্রে তিনি কর্পোরেট দলকে তা অবহিত করবেন।
- (পরিবেশ) বিধি অনুসরণ পর্যবেক্ষণ ও বিশ্লেষণ তত্ত্বাবধান করা।
- প্রকল্পের (নিকটবর্তী) গ্রামে সমাজ কল্যাণের উদ্যোগ গ্রহণ করা;
- প্রকল্পের জন্য গৃহীত সকল সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের বিবরণ সংরক্ষণ করা;
- স্থানীয়দের অভিযোগ ও সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের ফলাফল অনুধাবন করার লক্ষ্যে নিয়মিত সভা আয়োজন করা;
- স্থানীয়দের অভিযোগ প্রতিকারের ব্যবস্থা সম্পর্কে অবহিত করা ও কার্যকরভাবে বাস্তবায়ন করা; এবং
- প্রকল্প সংশ্লিষ্ট সকল অভিযোগ নিয়ন্ত্রণ করা ও গৃহীত পদক্ষেপের বিবরণ সংরক্ষণ করা।

### ৮.২.৩ ভারপ্রাপ্ত সুরক্ষা কর্মকর্তা

প্রকল্পের স্বাস্থ্য ও সুরক্ষা সংশ্লিষ্ট সকল দৈনিক কার্যক্রমের প্রতি তিনি দায়বদ্ধ থাবকেন। তিনি প্রকল্পে অবস্থান করবেন এবং প্রয়োজনে অবশ্যই কর্পোরেট দপ্তরের সাথে যোগাযোগ করবেন। তাঁর দায়িত্ব সমূহে অন্তর্ভূক্ত থাকবে ঃ

- প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য স্বাস্থ্য ও সুরক্ষা সংশ্লিষ্ট সকল বিষয়ে প্রকল্পে অবস্থানরত কর্মচারী-কর্মকর্তাবৃন্দকে তথ্য প্রদান করা:
- প্রকল্পে সুরক্ষার পদক্ষেপ সমূহের বাস্তবায়নে দায়বদ্ধ;
- প্রকল্পে অবস্থানরত কর্মচারী-কর্মকর্তাদের সুরক্ষা ও কর্ম পরিবেশ সংশ্লিষ্ট সমস্যা সমাধানে পরিবেশ কর্মকর্তার সাথে সম্মিলিত ভাবে কাজ করা।
- প্রকল্প চলাকালীন নিয়মিত ই.এইচ.এস - এর কর্মদক্ষতা পর্যালোচনা করা।
- সুরক্ষা নির্বাহীর দৈনিক কার্যক্রম তত্ত্বাবধান করা।

## ৮.৩ সচেতনতা ও প্রশিক্ষণ

পরিবেশ ব্যবস্থাপনা পরিকল্পনার কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে প্রশিক্ষণ অত্যাবশ্যক। প্রকল্পের কর্মচারী-কর্মকর্তাদের পরিবেশের সুরক্ষা ও নিরাপত্তা সংশ্লিষ্ট বিষয়ের গুরুত্ব সম্পর্কে সচেতন করতে হবে। নিয়মিত সভা আয়োজনের মাধ্যমে এ সচেতনতা সৃষ্টি করা যেতে পারে।

## ৮.৪ নথি/লিখিত বিবরণ সংরক্ষণ ও প্রতিবেদন প্রস্তুতকরণ

নিয়ন্ত্রন, পর্যবেক্ষণ ও কার্যনির্বাহী বিষয় সমূহের স্বার্থে নথি / লিখিত বিবরণ সংরক্ষণ করা উচিত। প্রস্তাবিত প্রকল্পের নথি / লিখিত বিবরণ সংরক্ষণ সংশ্লিষ্ট প্রক্রিয়া ৮.৩ নং ছকে সংক্ষেপে উপস্থাপন করা হয়েছে ঃ

### ছক নং ৮.৩ঃ নথি / লিখিত বিবরণ সংরক্ষণ সংশ্লিষ্ট প্রক্রিয়া

| আলোচিত বিষয় | বিস্তারিত বিবরণ |
|---|---|
| কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ও নিস্পত্তি | • দৈনিক গৃহীত বর্জ্যের পরিমাণ<br>• প্রতি ট্রাকের প্রকল্পে মোট যাত্রার সংখ্যা<br>• দৈনিক প্রক্রিয়াজাত ও পুনঃচক্রায়ন করা বর্জ্যের পরিমাণ;<br>• ল্যান্ডফিলে প্ররিত দৈনিক বর্জ্যের পরিমাণ |
| পর্যবেক্ষণ ও জরিপ | • প্রকল্পের বিভিন্ন পর্যায়ে সম্পাদিত সকল পর্যবেক্ষণের বিবরণ |
| সামাজিক | • আইনী নিবন্ধন খাতা (রেজিস্টার)<br>• প্রশিক্ষণের বিবরণ<br>• স্বাস্থ্য পরীক্ষার বিবরণ<br>• সামাজিক পর্যবেক্ষণ প্রতিবেদন<br>• নিরীক্ষা প্রতিবেদন<br>• সামাজিক দায়বদ্ধতা কার্যক্রমের প্রতিবেদন<br>• স্টেকহোল্ডারদের অংশগ্রহণ কার্যক্রমের বিবরণ<br>• অভিযোগ নিবন্ধন খাতা (রেজিস্টার) ও মীমাংসিত সমস্যা / গৃহীত পদক্ষেপ |
| স্বাস্থ্য ও সুরক্ষা | • কর্মচারী-কর্মকর্তাদের পরিবেশ, স্বাস্থ্য ও সুরক্ষার বিবরণ<br>• যন্ত্রপাতি পর্যবেক্ষণ ও স্থানাঙ্কায়নের বিবরন, প্রযোজ্য ক্ষেত্রে<br>• যানবাহন রক্ষণাবেক্ষণ ও পর্যবেক্ষণের বিবরণ<br>• স্বাস্থ্য পরীক্ষার মূল্যায়ণ পত্র ( মেডিকেল রিপোর্ট কার্ড )<br>• প্রশিক্ষণ ও অনুশীলনের, উপস্থিতি ও আলোকচিত্রসহ (ফোটোগ্রাফ) বিবরণ<br>• দুর্ঘটনার প্রতিবেদন<br>    ○ দুর্ঘটনার সময় ও তারিখ<br>    ○ ঘটনার প্রতিবেদন<br>    ○ দুর্ঘটনার পূর্ববর্তী ঘটনাক্রমের বর্ণনা<br>    ○ দুর্ঘটনার সংশ্লিষ্ট ঝুঁকিসমূহের নাম/বর্ণনা<br>    ○ গৃহীত জরুরী পদক্ষেপ সমূহ |
| সাধারণ | • প্রকল্পের নকশা<br>• কার্য প্রবাহ<br>• নিরীক্ষা প্রতিবেদন, যদি থাকে |